অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/26/2025 **গভর্নর ক্যাথি হোকল**

অর্গানাইজড রিটেইল চুরির বিরুদ্ধে অভিযানের পর, গভর্নর হোকল নিউ ইয়র্ক সিটিতে রিটেইল চুরি কমার ঘোষণা করলেন

মহামারীর পর বেড়ে যাওয়ার পর, রিটেইল চুরি নিউ ইয়র্ক সিটিতে বছরের পর বছর 12%-এর বেশি কমেছে, নিউ ইয়র্ক সিটির বাইরে তা 5% কমেছে

গভর্নর নিবেদিত রিটেইল থেফট টিমের জন্য 40 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রতিশ্রুতি দিয়েছেন; রিটেইল চুরির মোকাবেলা করার জন্য বাড়তি 100 জন স্টেট পুলিশের কর্মীকে মোতায়েন করেছেন

অপরাধীর জরিমানা বাড়ানো, বারবার অপরাধ করা দোষীদের দায়বদ্ধ করার জন্য লার্সেনি চার্জ সংশোধন করা, এবং চুরি করা পণ্যের বিক্রির ব্যবস্থা করাকে অবৈধ করা হয়েছে

জননিরাপত্তার গভর্নরের রেকর্ড বিনিয়োগের কারণে নিউ ইয়র্ক সিটিতে এবং পুরো স্টেটে গুলির ঘটনা, খুন, ডাকাতি কমেছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে নিউ ইয়র্ক সিটি (New York City) এবং পুরো স্টেটে অর্গানাইজড রিটেইল চুরির মোকাবেলার ব্যাপারে স্টেটের অগ্রগতিকে তুলে ধরতে স্থানীয় ব্যবসার নেতাদের সাথে কথা বলার জন্য হার্লেমে যান।

কোভিড-19 মহামারীর পর অর্গানাইজড রিটেইল চুরি বেড়ে যাওয়ার পর গভর্নর Hochul (হোকল) এইসব অপরাধের সমাধান করতে নতুন ব্যবস্থা ঘোষণা করেন, যার মধ্যে টার্গেটেড আইন শৃঙ্খলা রক্ষাকারী উদ্যোগ, দোষীদের দায়বদ্ধ করতে আরো জোরদার আইন, এবং ফ্রন্টলাইনে রিটেইল কর্মীদের জন্য নতুন সুরক্ষাকে সমর্থন করতে 40 মিলিয়ন মার্কিন ডলারের বেশি রয়েছে। আজকে নিউ ইয়র্কবাসীরা এই সার্বিক পদ্ধতির ফলাফল দেখতে পারছেন যেহেতু খুচরা চুরি বছরের পর বছর নিউ ইয়র্ক সিটিতে 12 শতাংশের বেশি কমেছে, অর্থাৎ প্রায় 5,000টি কম ঘটনা ঘটেছে, এবং বাকি স্টেটে 5 শতাংশ কমেছে।

"রিটেইল চুরি এবং জীবনযাপনের মানের অপরাধ শুধু যাদের থেকে চুরি হয়েছে সেই ব্যবসাগুলিকে প্রভাবিত করে না, বরং এটি সম্পূর্ণ এলাকাকে প্রভাবিত করে। সেজন্য

অর্গানাইজড রিটেইল চুরির কলঙ্কের মোকাবেলা করতে গত বছর আমি শুধু এই খাতে ব্যাপক রিসোর্স দিয়েছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "যদিও আজকের সংখ্যাগুলি রিটেইল চুরির বিরুদ্ধে উল্লেখযোগ্য অগ্রগতি দেখাচ্ছে, কিন্তু আমরা থামছি না। ক্রেতা এবং দোকানের মালিক সকলের জন্য নিরাপত্তার একটি ধারণা এবং মনের শান্তি পুনঃস্থাপন করার জন্য আমাদের ব্যবসাগুলিকে এবং তাদের কর্মীদেরকে সমর্থন করতে আমি প্রতিশ্রুতিবদ্ধ আছি।"

অপরাধের ডেটাতে দেখা যায় যে 2022 সালে মহামারীর ঠিক পরেই রিটেইল চুরির অপরাধ উল্লেখযোগ্য বেড়ে গেছে যখন ব্যবসাগুলি স্বাভাবিক অবস্থায় ফেরত যাওয়া শুরু করে। সেই বেড়ে যাওয়ার মোকাবেলা করতে, ফিসক্যাল ইয়ার 2025-এর স্টেট বাজেটের অংশ হিসেবে গভর্নর Hochul (হোকল) অপরাধ ঠেকাতে এবং ব্যবসাকে সুরক্ষা দিতে একাধিক উদ্যোগকে আইন হিসেবে সাইন করেন। এর মধ্যে রয়েছে:

- কেউ যদি কোনো খুচরা বিক্রয়কর্মীকে আক্রমণ করে তাহলে সেটিকে মিসডিমিনার থেকে ফেলোনিতে পরিবর্তন করার মাধ্যমে **অপরাধীর শাস্তি জোরদার করা।** কোনো খুচরা কর্মীকে তার চাকরির সময় শারীরিকভাবে আহত করা ব্যক্তি এই নতুন ফেলোনির আওতাধীন হবে।
- লার্সেনির চার্জ ফাইল করার সময় প্রসিকিউটরদেরকে চুরি যাওয়া পণ্যের মূল্য যোগ করতে দেওয়া এবং একই অপরাধ চক্রান্তের অধীনে চুরি করা হলে একটি উচ্চতর লার্সেনি সীমাতে পৌঁছানোর উদ্দেশ্যে বিভিন্ন দোকান থেকে **চুরি করা রিটেইল পণ্যকে একত্রিত করার অনুমতি প্রদান করে।**
- থার্ড পার্টি বিক্রেতাদের ধরার জন্য **চোরাই পণ্যের বিক্রির ব্যবস্থা করাকে অবৈধ করা**। কোনো ব্যক্তি যদি চোরাই পণ্য বিক্রি করতে কোনো ওয়েবসাইট বা ভৌত অবস্থান ব্যবহার করে তাহলে তাকে দোষী সাব্যস্ত করা হবে।
- স্টেট পুলিশ (State Police), ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিস এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মধ্যে নিবেদিত রিটেইল থেফট টিমের (Retail Theft Teams) জন্য **40.2 মিলিয়ন মার্কিন ডলার** দেওয়া, যার মধ্যে অর্গানাইজড রিটেইল চুরির মোকাবেলায় নিবেদিত 100 জন নিউ ইয়র্ক স্টেট পুলিশ কর্মী থাকবেন।
- বাড়তি নিরাপত্তা ব্যবস্থার জন্য ছোট ব্যবসাগুলির উপর থেকে চাপ কমাতে সাহায্য করার জন্য **5 মিলিয়ন মার্কিন ডলার** বরাদ্দ করা। রিটেইল চুরি প্রতিরোধ ব্যবস্থায় একটি নির্দিষ্ট সীমার মধ্যে অর্থ ব্যয় করা যেকোনো ছোট ব্যবসার জন্য একটি 3,000 মার্কিন ডলারের ট্যাক্স ক্রেডিটের তহবিল দেওয়া।

গভর্নর Hochul-এর (হোকল) সাম্প্রতিক বিনিয়োগের পর, নিউ ইয়র্ক স্টেট (New York State) রিটেইল চুরির অপরাধ সর্বোচ্চ হওয়ার আগের অবস্থায় ফেরত আনতে সঠিক পথে রয়েছে। পাশাপাশি, নিউ ইয়র্ক সিটিতে ইনডেক্স অপরাধ চার শতাংশের বেশি কমেছে এবং ফেলোনি ডাকাতি 11 শতাংশ কমেছে। নিউ ইয়র্ক সিটিতে গুলির ঘটনা প্রায় 20 শতাংশ কমেছে এবং খুন 21 শতাংশ কমেছে।

ম্যানহাটনের (Manhattan) চেম্বার অফ কমার্সের (Chamber of Commerce) প্রেসিডেন্ট এবং CEO Jessica Walker (জেসিকা ওয়াকার) বলেন, "সাম্প্রতিক মাসগুলিতে অনেক

দোকানের ব্যবসা আমাদেরকে বলেছে যে তারা পার্থক্যটি বুঝতে পারছে এবং অপরাধ কমাতে এবং রিটেইল চুরির সমাধান করতে নিউ ইয়র্ক একটি পরিবর্তন আনতে পেরেছে। এখনো আরো কাজ বাকি আছে কিন্তু আমরা কৃতজ্ঞ যে রিটেইল চুরির ব্যাপারে গভর্নর Hochul-এর (হোকল) লেজিস্লেটিভ পলিসি এবং ডিস্কভারি সংশোধন আমরা যেমন করেছিলাম তেমন ভাবেই কাজ করছে।"

Retail Council of New York State-এর প্রেসিডেন্ট এবং CEO Melissa O'Connor (মেলিসা ও'কনর) বলেন, "পুরো নিউ ইয়র্কে রিটেইল চুরি কমে যাওয়ার ব্যাপারে আজকের ঘোষণাটি হলো রিটেইল বিক্রেতা, আইন শৃঙ্খলা রক্ষাকারী, প্রসিকিউটর, কমিউনিটি গ্রুপ এবং গভর্নর Hochul-এর (হোকল) মধ্যে একটি দৃঢ় এবং ধারাবাহিক সহযোগিতার ফলাফল। অর্গানাইজড রিটেইল অপরাধ এবং অভ্যাসগত রিটেইল চুরি শুধু স্টেটে বিনিয়োগ করা রিটেইল বিক্রেতাদের জন্য একটি আর্থিক ক্ষতি না, বরং এটি কমিউনিটির নিরাপত্তার বিষয় যা সঠিকভাবে সামাল দিতে হবে। কয়েক মাস আগে ইন্ডাস্ট্রির দুশ্চিন্তা শোনার জন্য, এবং আরো গুরুত্বপূর্ণ হলো, কার্যকর পদক্ষেপ নেওয়ার জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাতে চাই। নিউ ইয়র্ক স্টেটে একটি নিরাপদ ও উপভোগযোগ্য কেনাকাটার পরিবেশ নিশ্চিত করতে আমরা সকল স্টেকহোল্ডাদের সাথে পার্টনার হয়ে কাজ চালিয়ে যাবো।"

স্টেটের সিনেটর Luis R. Sepúlveda (লুইস আর সেপুলভেডা) বলেন, "অর্গানাইজড রিটেইল চুরির মোকাবেলা করতে তার সফল ব্যবস্থার জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) অভিনন্দন জানাচ্ছি। অর্গানাইজড রিটেইল চুরি মোকাবেলা করতে 40 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ সত্যিকারের ফলাফল আনছে, নিউ ইয়র্ক সিটিতে 12 শতাংশের বেশি এবং পুরো স্টেটে 5 শতাংশ রিটেইল চুরি কমেছে। রিটেইল কর্মীদের জন্য সুরক্ষা জোরদার করে, দোষীদের দায়বদ্ধ করে, এবং ছোট ব্যবসাগুলিকে নিরাপত্তা উন্নত করতে সাহায্য করার জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার ট্যাক্স ক্রেডিট দিয়ে গভর্নর কর্মী এবং ভোক্তা উভয়কে রক্ষা করছেন এবং একই সাথে আমাদের স্থানীয় অর্থনীতির প্রতি আস্থা পুনঃস্থাপন করছেন। এই চেষ্টাগুলি দেখায় যে নিরাপত্তায় কৌশলী বিনিয়োগ করা হলে তা আমাদের কমিউনিটিকে আরো শক্তিশালী করতে পারে এবং একই সাথে ভোক্তাদের সুরক্ষা দিতে পারে।"

অ্যাসেম্বলির সদস্য Jeffrey Dinowitz (জেফ্রি ডিনোউইজ) বলেন, "কোনো ব্যক্তি ব্যবসার মালিক, রিটেইল কর্মী বা কাস্টোমার যাই হন না কেনো, প্রত্যেকের নিউ ইয়র্কে নিরাপদ রিটেইল অভিজ্ঞতা প্রাপ্য। ব্যবসাগুলি নিউ ইয়র্কের মেরুদন্ড এবং সমৃদ্ধি করতে থাকার জন্য তাদের যথাযথ রিসোর্স এবং মনোযোগ দরকার। বাড়তি আইন শৃঙ্খলার জন্য বিনিয়োগ, ছোট ব্যবসার জন্য ট্যাক্স ক্রেডিট এবং অপরাধীর শাস্তিতে পরিবর্তন পুরো স্টেটে রিটেইল চুরি কম করার কার্যকর উপায় হিসেবে প্রমাণিত হয়েছে এবং একই সাথে রিটেইল কর্মীদের সুরক্ষা বাড়িয়েছে। এই সমস্যার সমাধান করার মাধ্যমে গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তাকে একটি শীর্ষ অগ্রাধিকার করেছেন, যা আমাদের সকলের জন্য সাফল্য নিশ্চিত করছে।"

একটি ছড়িয়ে পড়া, একাধিক বছর ধরে চলতে থাকা, আন্তর্জাতিক অপারেশন, যার মাধ্যমে অর্গানাইজড ক্রুয়েরা 2 মিলিয়ন মার্কিন ডলারের বেশি রিটেইল পণ্য চুরি করেছে, তা ফাঁস করার সফল অপারেশনের পর রিটেইল চুরি কমাতে ভালো ট্রেন্ড দেখা গেছে। 2024 সালের

শেষের দিকে গভর্নর Hochul (হোকল) এবং কুইন্সের (Queens) ডিস্ট্রিক্ট অ্যাটর্নি Melinda Katz-এর (মেলিন্ডা ক্যাটজ) ঘোষিত, এবং স্টেট পুলিশের অধীনে রিটেইল থেফট টিমের তদন্ত করা এই কেসটিতে নিউ ইয়র্কের জোরদার করা রিটেইল চুরির আইনের অধীনে সর্বপ্রথম চার্জ ছিলো।

অর্গানাইজড রিটেইল চুরির সমাধানের পাশাপাশি, গভর্নর Hochul (হোকল) বৃহত্তর জননিরাপত্তা উদ্যোগে বিনিয়গ করে চলেছেন যাতে নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখা যায়, তিনি এখন পর্যন্ত জননিরাপত্তা চেষ্টায় প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন